

২৮৭

**প্রাথমিক শিক্ষক সমিতির
২১ দফা দাবী মেনে নিয়ে
দীর্ঘদিন ক্ষমতায় থাকুন**

-আবুল কালাম আযাদ

স্টাফ রিপোর্টার ৪ বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃত্বদে দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণ ও প্রাথমিক শিক্ষার মানোন্নয়নকল্পে অবিলম্বে শিক্ষকদের ২১ দফা দাবী মেনে নেয়ার জন্য উদাত্ত আহবান করিয়েছেন। অন্যথায় পবিত্র রমজানের পরে সারাদেশের সকল বিদ্যালয় বন্ধ করে দেয়া হবে। নেতৃত্বদে বলেন, শিক্ষকদের ন্যায্য দাবী মেনে নেয়া না হলে কোন শিক্ষক আগামী নির্বাচনে কোন ভোট কেন্দ্রে যাবে না। তারা উল্লেখ করেন, দেশ থেকে নিরক্ষরতা দূর করতে না পারলে আগামী ১০ বছর পরে দেশের অস্তিত্ব রক্ষা করা যাবে না। নেতৃত্বদে বলেন, অর্থের অভাবের কথা বলে দেশের ২০ হাজার বেনরকারী প্রাথমিক বিদ্যালয়

৩-এর পাতায় দেখুন

আবুল কালাম আযাদ

৩-এর পৃষ্ঠার পর

সরকারীকরণ করা হচ্ছে না। অথচ সরকার ১১শ' কোটি টাকা ব্যয় করে রাশিয়া থেকে খেলনা বিমান ও পুরনো ফ্রিগেট ক্রয় করছে। নেতৃত্বদে বলেন, খেলনা বিমান ক্রয় বন্ধ করে দেশের স্বার্থে শিক্ষাখাতে বিনিয়োগ করুন। গতকাল জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি আয়োজিত প্রতিনিধি পরিষদের এক বিশেষ অধিবেশনে নেতৃত্বদে বক্তব্য রাখছিলেন। প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আযাদের সভাপতিত্বে অধিবেশনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কাজী আ. কা. ফজলুল হক, নুরুল আফসার, হারুন-উর-রশিদ, মকবুল হোসেন ও মনোয়ারা বেগম। অধিবেশনে সভাপতির বক্তব্যে অধ্যাপক আবুল কালাম আযাদ প্রস্তাবিত ২১ দফা দাবীর গুরুত্ব তুলে ধরে শিক্ষকদের জাগ্রত থাকার আহবান জানিয়ে বলেন, দাবী আদায়ের ক্ষেত্রে পরবর্তীতে শিক্ষকরা প্রয়োজনে ৭ দিন ঢাকায় অবরোধ কর্মসূচী পালন করবে। তিনি বলেন, ১৯৪৭ সাল থেকে '৭৫ সাল পর্যন্ত ক্ষমতার উৎস ছিল ছাত্রদের হাতে, ১৯৭৫ সাল থেকে '৯০ সাল পর্যন্ত ক্ষমতার উৎস ছিল সেনাবাহিনীর হাতে। আর ১৯৯০ সাল থেকে এখন পর্যন্ত ক্ষমতার উৎস শিক্ষকদের হাতে। অধ্যাপক আবুল কালাম আযাদ বলেন, প্রধানমন্ত্রী ৩ বছর ধরে ক্ষমতায় বসে শিক্ষকদের ন্যায্য দাবী মেনে নেননি। তিনি প্রধানমন্ত্রীর উদ্দেশে বলেন, শিক্ষকদের ২১ দফা দাবী মেনে নিন এবং দীর্ঘদিন ক্ষমতায় থাকুন, আমাদের কোন আপত্তি থাকবে না। অন্যথায় আগামী বছর সারাদেশের ৫ লাখ শিক্ষক ঢাকায় এসে সর্বমোট ১৫ লাখ লোকের সমাবেশ ঘটিয়ে দাবী আদায়ের ক্ষেত্রে নতুন প্রধানমন্ত্রীকে ক্ষমতায় দেয়ার ঘোষণা দিতে বাধ্য হবে। শিক্ষক নেতৃত্বদে বলেন- কোন বাধা, কোন ষড়যন্ত্র দাবী আদায়ের ক্ষেত্রে শিক্ষকদের পিছু হটাতে পারবে না। নেতৃত্বদে বলেন, বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের টিভিতে প্রদর্শন করে বিদেশ থেকে ভিক্ষা করে সাহায্য এনে দেশ চালানো হয়। আর বিদ্যালয়ের শিক্ষকদের ন্যায্য দাবী-দাওয়া নিয়ে টালবাহানা করা হচ্ছে। নেতৃত্বদে বলেন, শিক্ষকরা শিশুদের মানুষ হিসেবে গড়ে তোলে। অথচ শিক্ষকদের প্রতি বিমাতাসুলভ আচরণ করা হচ্ছে।

অধিবেশন শেষে শিক্ষকদের একটি বিক্ষোভ মিছিল ভোপখানা রোড, বায়তুল মোকাররম মসজিদের উত্তর গেট, দৈনিক বাংলা মোড়